

শ্রীমঙ্গল উপজেলা পরিষদের আইন ও শৃঙ্খলা উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সেপ্টেম্বর-অক্টোবর/২১ সভার কার্যবিবরণীঃ

তারিখ : ১২/০৯/২১ ইং।

সময় : ১২.৩০ মিনিট।

সভার স্থানঃ সভাপতির অফিস কক্ষ, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

সভাপতি : মিতালী দত্ত, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

সভায় উপস্থিত সদস্য বৃন্দের স্বাক্ষরের ক্রমানুসারে নামের তালিকা পরিশিষ্ট "ক" তে প্রদেয়া।

সভাপতি উপস্থিত সদস্য বৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কোন পরিবর্তন বা সংশোধনী না থাকায় দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভাপতি অত্র কমিটির সদস্য সচিব কে সভার বিষয় বস্তু সম্পর্কে আলোচনার জন্য অনুরোধ জানান। অফিসার ইন চার্জ (ওসি) সভায় বিভাগীয় কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন উপস্থাপন করেন। যা নিম্নে বিস্তারিত উল্লেখ করা হলো।

০১। বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা :

অফিসার ইন চার্জ (ওসি), শ্রীমঙ্গল, মৌলভীবাজার সভায় জানান যে, বর্তমানে অত্র উপজেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি খুবই ভাল আছে। মাদকের প্রভাব এই উপজেলায় খুবই কম। তবে দুই এক জায়গায় বাণ্য বিবাহ হচ্ছে। মাদক ও বাণ্যবিবাহ প্রতিরোধের জন্য তিনি সকলের সহযোগিতা কামনা করেন।


০২। ইউজিডিপি প্রকল্পে সফমতা উন্নয়ন উপ-প্রকল্প প্রস্তাবনা প্রেরণ :

অফিসার ইন চার্জ (ওসি), শ্রীমঙ্গল, মৌলভীবাজার জানান যে, উপজেলা পরিষদ থেকে ইউজিডিপি প্রকল্পের জন্য সফমতা উন্নয়ন উপ-প্রকল্প প্রস্তাবনা প্রেরণের জন্য চিঠি দেওয়া হয়েছে কিন্তু আমাদের দপ্তরের তো সে রকম কোন উপ প্রকল্প নাই। পরে সহকারী কমিশনার (ভূমি) বলেন যে, ভূমি অফিস থেকে যদি একটি সফমতা উন্নয়ন উপ প্রকল্প দেওয়া যায় তাহলে তা খুবই উপকার হতো এবং তদুপেক্ষিতে তিনি "ই-নামজারী, অনলাইনে ভূমি উন্নয়ন কর আদায় এবং দাখিলার প্রয়োজনীয়তা সম্পর্কে সচেতনতামূলক প্রশিক্ষণ" নামক একটি প্রশিক্ষণ প্রনয়ন করে উপজেলায় পাঠানোর প্রস্তাব করেন।

সিদ্ধান্ত : সভায় বিস্তারিত আলোচনান্তে "ই-নামজারী, অনলাইনে ভূমি উন্নয়ন কর আদায় এবং দাখিলার প্রয়োজনীয়তা সম্পর্কে সচেতনতামূলক প্রশিক্ষণ" নামক প্রশিক্ষণ প্রনয়ন করে ইউজিডিপি প্রকল্পের কর্মকর্তাকে পাঠানোর সিদ্ধান্ত গৃহীত হয়।

০৩। বিবিধ :

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মিতালী দত্ত)

মহিলা ভাইস চেয়ারম্যান




ও

সভাপতি

উপজেলা আইন ও শৃঙ্খলা উন্নয়ন বিষয়ক কমিটি
শ্রীমঙ্গল, মৌলভীবাজার

তারিখ: ১২/০৯/২০২১ খ্রিঃ

শ্রীমঙ্গল উপজেলা পরিষদের আইন শৃঙ্খলা বিষয়ক কমিটির সদস্য বৃন্দের উপস্থিতির তালিকা

ক্রমিক নং	নাম / পদবী	মোবাবইল নং	স্বাক্ষর
০১।	মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল		
০২।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শ্রীমঙ্গল		
০৩।	চেয়ারম্যান, শ্রীমঙ্গল ইউনিয়ন পরিষদ		
০৪।	অফিসার-ইন-চার্জ, রেলওয়ে থানা		
০৫।	অফিসার-ইন-চার্জ, শ্রীমঙ্গল থানা		